# চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড

ডাকঘর : চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার, রাংগাদিয়া, চট্টগ্রাম-৪০০০

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর নিয়ন্ত্রণাধীন চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল), রাংগাদিয়া, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে–

| ক্রমিক নং | পদের নাম ও বেতন ক্রম | পদের সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | ফায়ার ভেহিক্যাল ড্রাইভার ৯৭০০-২৩,৪৯০/- | ০৫ | অনূর্ধ্ব ৩০ বছর | গাড়ী চালনায় অভিজ্ঞ (হেভী ড্রাইভিং লাইসেন্সধারী) এবং ফায়ার ফাইটিং ও সিভিল ডিফেন্সে প্রশিক্ষণসহ ৮ম শ্রেণী পাস। ফায়ার ভেহিক্যাল ড্রাইভার হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২। | গাড়ী চালক ৯৩০০-২২,৪৯০/- | ০৫ | অনূর্ধ্ব ৩০ বছর | হালকা গাড়ী চালনার লাইসেন্সসহ ৩ বছরের অভিজ্ঞতাসমেত ৮ম শ্রেণী পাশ। |
| ০৩। | ফায়ার ফাইটার ৮২৫০-২০,০১০/- | ০৬ | অনূর্ধ্ব ৩০ বছর | ফায়ার ফাইটিং ও সিভিল ডিফেন্সে প্রশিক্ষণসহ এসএসসি/সমমান পাশ। প্রার্থীর উচ্চতা ন্যূনতম ৫´-৫´´ বুকের পরিধি ন্যূনতম ৩২´´ এবং ওজন ন্যূনতম ১১০ পাউন্ড হতে হবে। |
| ০৪। | নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০,০১০/- | ৪২ | সর্বোচ্চ ৪০ বছর | সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত এসএসসি/সমমান পাশ। আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে Running ccসহ অভিজ্ঞতাসম্পন্ন আনসার বাহিনীর সদস্যরা অগ্রাধিকার পাবেন। |

**আবেদন করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী**

০১। প্রার্থীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকৃত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ (২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স), জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ক্রমানুযায়ী বিস্তারিত উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করতে হবে। আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। নিরাপত্তা প্রহরী পদে সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতাসমেত সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর।

০৩। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/এসএসসি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনপত্রের সাথে সরকারী বা স্বায়ত্তশাসিত সরকারী সংস্থার প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ, নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৫। আবেদনকারী কোন মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধ/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপিসহ মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান কোটায় নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের এ বিষয়ে দাখিলকৃত সনদ সঠিক মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর নিয়োগপত্র প্রদান করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় চাকুরী দাবিদার সকল প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিম্নে প্রদত্ত নির্ধারিত ছক আলাদা কাগজে পূরণ করে আবেদনপত্রের সাথে পাঠাতে হবে :

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ছক**

| ক্রঃ নং | বিষয় | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | মুক্তিযোদ্ধার নাম | | |
| ০২. | পিতার নাম | | |
| ০৩. | উপজেলা/জেলার নাম | | |
| ০৪. | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ/জন্ম সনদ | | |
| ০৫. | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | | |
| ০৬. | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | | |
| ০৭. | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | | |
| ০৮. | মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | | |
| ০৯. | বামুস সনদ নম্বর ও তারিখ | | |
| ১০. | মুক্তিযোদ্ধার নাতি/নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | | |
| ১১. | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | | |
| ১২. | ভারতীয় তালিকার নম্বর ও কপি (যদি থাকে) | | |

০৬। প্রার্থী উপজাতি হলে উপজাতি মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্র সর্বশেষ ২৪-১১-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ, রাঙ্গাদিয়া, চট্টগ্রাম-৪০০০ এ ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ এর অনুকূলে ক্রমিক ১-২ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) এবং ৩-৪ এ বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ করতে হবে।

০৮। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী সদস্যদের আবেদনের সাথে অবশ্যই ডিসচার্জবুক/খালাসী বইয়ের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০৯। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। এতদভিন্ন পূর্বের চাকুরীস্থলের আপত্তি পাওয়া গেলে প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপিসহ উপস্থিত হতে হবে এবং এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

১২। লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চাকুরীতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকুরীতে আবেদনকারীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগের যে কোন পর্যায়ে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করাসহ তার জন্য প্রযোজ্য আইন অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত করা বা উপযুক্ত অন্য কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭। এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যেকোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়সূচি ও ফলাফল সিইউএফএল এর নিজস্ব ওয়েবসাইট cufl.portal.gov.bd এ পাওয়া যাবে।

বিসিআইসি-১৯৩ তাং-২৮.১০.২১

মোঃ জসীম উদ্দিন
ব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

পিএফ-২৬৭-১৫০৭/২১ (১২´´×৪)